দৈনিক
জনকণ্ঠ
তারিখ 16 MAY 2015
পৃষ্ঠা ...৮... কলাম ...২...

# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

সূত্র নং-৩৬(০০৩) জাতী: বি:/ এম. ফিল ও পিএইচ ডি/ ২০০৬/১/২৫৭১ তারিখ: ১৪ /০৫ /২০১৫

## পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৫-২০১৬ সেশনে পিএইচ ডি প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| গ্রুপ | ভর্তির বিষয়সমূহ |
|---|---|
| আর্টস | বাংলা, ইংরেজী, আরবি, সংস্কৃত, ইতিহাস, ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| সোশ্যাল সায়েন্স | অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান |
| ন্যাচারাল সায়েন্স | পদার্থবিজ্ঞান, গণিত, রসায়ন, কম্পিউটার সায়েন্স, ও পরিসংখ্যান |
| লাইফ এন্ড আর্থ সায়েন্স | প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মৃত্তিকাবিজ্ঞান ও মনোবিজ্ঞান |
| বিজনেস স্টাডিজ | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং |

বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক, অর্থনৈতিক, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

১. ভর্তির শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী

ক. এম ফিল/সমমানের ডিগ্রিধারী হতে হবে।

অথবা

খ. বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ প্রতিষ্ঠানের শিক্ষক যাদের শিক্ষা জীবনে ন্যূনতম ৩ টি প্রথম বিভাগ/ শ্রেণি, ৫ বছর শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃতমানের জার্নালে কমপক্ষে ১ টি গবেষণামূলক প্রকাশনা রয়েছে (এক্ষেত্রে প্রার্থী প্রবন্ধের মূল লেখক বা First Author হতে হবে) তাঁরা সরাসরি পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বাংলা ও ইংরেজী বিষয়ের ক্ষেত্রে শিক্ষা জীবনে ন্যূনতম ২ টি প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। CGPA এর ক্ষেত্রে নিম্নরূপ নিয়ম অনুসরণ করা হবে :

| এসএসসি/এইচএসসি বা সমমান | অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জিপিএ এর ক্ষেত্রে অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি বা বিভাগ |
|---|---|---|---|
| ৫.০০ স্কেল | ৪.০০ স্কেলে | ৫.০০ স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদুর্দ্ধ | জিপিএ ৩.০০ বা তদুর্দ্ধ | জিপিএ ৩.৭৫ বা তদুর্দ্ধ | প্রথম |
| জিপিএ ২.০০ বা তদুর্দ্ধ কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.২৫ বা তদুর্দ্ধ কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.৮১৩ বা তদুর্দ্ধ কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় |
| জিপিএ ১.০০ বা তদুর্দ্ধ কিন্তু ২.০০ এর কম | জিপিএ ১.৬৫ বা তদুর্দ্ধ কিন্তু ২.২৫ এর কম | জিপিএ ২.০৬৩ বা তদুর্দ্ধ কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় |

গ. প্রার্থী শুধুমাত্র তাঁর স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর বিষয়ে সংশ্লিষ্ট ফিল্ডে পিএইচ ডি করতে পারবেন। আবেদনের সাথে একাধিক গবেষণা শিরোনাম জমা দিতে হবে।

ঘ. ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটের শিক্ষকদের অগ্রাধিকার দেয়া হবে।

২. প্রোগ্রামের মেয়াদ
পিএইচ ডি শিক্ষাকার্যক্রমের মেয়াদ ০৩ (তিন) বছর।

৩. ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী

ক. ফেলোশিপ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর বয়স আবেদনের শেষ তারিখে অনধিক ৪৫(পঁয়তাল্লিশ) বছর হতে হবে। ফেলোশিপ ব্যতীত ভর্তির ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়।

খ. ফেলোশিপের নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ এবং নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মাসিক ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা হারে প্রতি বিষয়ে একজনকে ৩ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

গ. ফেলোশিপের জন্য কেবলমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী /বেসরকারী কলেজ/ ইনস্টিটিউটের পূর্ণকালীন শিক্ষকগণ আবেদন করতে পারবেন।

ঘ. ফেলোশিপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে।

৪. আবেদন ফরম পূরণ ও জমাদান

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd) এর মাধ্যমে আগামী ১৭.০৫.২০১৫ তারিখ থেকে ২৮.০৫.২০১৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ. অনলাইনে আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীকে আবেদন ফি বাবদ সোনালী ব্যাংকের